দৈনিক ইত্তেফাক

তারিখ 27 NOV 1992
পৃষ্ঠা 2 কলাম 2

148

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র খুন

কুষ্টিয়া সংবাদদাতা ।। গত বুধবার রাত আনুমানিক দশটায় কুষ্টিয়া শহরের অদূরে হরিনারায়ণপুরের একটি মেস হইতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ছাত্র খুন

( প্রথম পৃষ্ঠার পর )

প্রথম বর্ষের ছাত্র সাইফুল ইসলাম মামুনকে (২০) কতিপয় অস্ত্রধারী যুবক ডাকিয়া নিয়া পার্শ্ববর্তী একটি মাঠে নৃশংসভাবে খুন করিয়াছে। মামুন ছাত্র শিবিরের একজন কর্মী। বুধবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুই দল ছাত্রের মধ্যে সংঘটিত সংঘর্ষের জের হিসাবে এই হত্যাকাণ্ড ঘটে বলিয়া ধারনা করা হইতেছে। গতকাল বৃহস্পতিবার ইসলামী বিশ্ববিদ্যালয় মাঠে মামুনের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। মামুনের বাড়ী বগুড়ার ঠনঠনিয়া গ্রামে। এ ব্যাপারে শিবির ও জামায়াতের পক্ষ হইতে কুষ্টিয়া থানায় দুইটি মামলা দায়ের করা হইয়াছে। কেহ গ্রেফতার হয় নাই।